দৈনিক সংবাদ 251

তারিখ ... 18 JUN 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9

220

জগন্নাথ কলেজে ছাত্র হত্যার প্রতিবাদ

# ছাত্রলীগ সকল শিক্ষা প্রতিষ্ঠানে ও ছাত্রদল ভার্সিটিতে ধর্মঘট ডেকেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে সন্ত্রাস এবং ২ জন ছাত্র হত্যার প্রতিবাদে ছাত্রলীগ (আ-অ) আজ মঙ্গলবার ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট ডেকেছে। একই কারণে জাতীয়তাবাদী ছাত্রদলও শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করেছে।

এ উপলক্ষে ছাত্রলীগ (আ-অ) গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে।

মধুর ক্যান্টিনের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা গোলাম মোস্তফা সুজন ও কামরুজ্জামান আনসারী বক্তব্য রাখেন।

ছাত্র হত্যা ঃ পৃঃ ৮ কঃ ৫

## ছাত্র হত্যা ঃ আজ ধর্মঘট

(১ম পাতার পর)

সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে স্বপন হত্যার বিচার দাবী করে বলেন, খুনীদের অবিলম্বে গ্রেফতার ও বিচার করা না হলে উদ্ভূত পরিস্থিতির দায়-দায়িত্ব সরকারকেই নিতে হবে।

স্বপন হত্যার প্রতিবাদে ছাত্রলীগ (আ-অ) জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে রাজপথে অপর একটি শোক মিছিল ও জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়।

### জাতীয়তাবাদী ছাত্রদল

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে সন্ত্রাস এবং ছাত্রনেতা মনিরুজ্জামান মনি হত্যার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল শোকমিছিল ও সমাবেশ করে।

জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রনেতা নাজিম উদ্দিন আলম, রিজভী আহমেদ, বক্তব্য রাখেন।

নেতৃবৃন্দ অবিলম্বে জগন্নাথ কলেজে সন্ত্রাস সৃষ্টিকারী মুজিববাদী গুণ্ডাদের গ্রেফতার দাবী করে বলেন, ষড়যন্ত্রকারীরা দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হোক এটা চায় না।

সমাবেশ থেকে আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট আহ্বান করা হয়। শোক মিছিলে নিহত মনির স্মরণে মিছিলকারীরা কালোব্যাজ পরিধান করে।

### নিন্দা ও প্রতিবাদ

বিভিন্ন ব্যক্তি ও সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্র সংঘর্ষের হত্যা ও সন্ত্রাসের নিন্দা করে এ সংঘর্ষের জন্য দায়ী ব্যক্তিদের গ্রেফতার ও বিচার দাবী করেছেন।

গণতন্ত্রী পার্টির সভাপতিমণ্ডলীর পক্ষে সভাপতি সৈয়দ আলতাফ হোসেন ও সাধারণ সম্পাদক আজিজুল ইসলাম খান এক বিবৃতিতে এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের সংঘর্ষ, অস্ত্রের ঝনঝনানি, সন্ত্রাসী কার্যক্রমের ফলে এক অরাজক অবস্থা বিরাজ করছে।

বিবৃতিতে সরকার, শিক্ষা ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এ ব্যাপারে নির্বিকার ও নীরব দর্শকের ভূমিকা পালনেও উদ্বেগ প্রকাশ করা হয়।

নেতৃবৃন্দ শিক্ষা প্রতিষ্ঠানের এ সংকট নিরসনে অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবউদ্দিন আহমেদের জরুরী হস্তক্ষেপ কামনা করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার আহ্বান জানান।